## ক্ষেতলাল উপজেলা পরিষদের জুন/২০১৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ রওনকুল ইসলাম টিপু চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ক্ষেতলাল, জয়পুরহাট। |
| তারিখ | ঃ | ২৬-০৬-২০১৪ খ্রিঃ। |
| সময় | ঃ | বিকাল ৩.০০ টা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, ক্ষেতলাল,জয়পুরহাট। |

সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ' দ্রষ্টব্য ।

সভার প্রারম্ভে সভাপতি নবাগত উপজেলা নির্বাহী অফিসার ও সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

### আলোচ্য সূচী ঃ বিভাগীয়

০১। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

উপজেলা প্রকৌশলী, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, ২০১৩-১৪ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ১ম, ২য় ও ৩য় কিস্তিতে মোট ১৩.৯০×৩= ৪১.৭০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। কাজ বাস্তবায়নের স্বার্থে ৪র্থ কিস্তিতে সম পরিমান (১৩.৯০ লক্ষ টাকা) অর্থ পাওয়া যাবে মর্মে ৪র্থ কিস্তির সম্ভাব্য অর্থ যোগ করে মোট ৫৫.৬০ লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করা হয়। কিন্তু ৪র্থ কিস্তিতে মাত্র ১.৭৪ লক্ষ টাকা পাওয়া যায়। অর্থ কম পাওয়ার কারনে বিষয়টি চেয়ারম্যান উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের সাথে মৌখিকভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে যে সকল প্রকল্প কাজ শুরু হয় নাই সেগুলো বন্ধ করে দেয়া হয়। প্রাপ্ত ৪১.৭০+১.৭৪= ৪৩.৪৪ লক্ষ টাকার মধ্যে সর্বমোট ১৫ টি প্রকল্প প্রকল্প কমিটির মাধ্যমে এবং ২২ টি প্যাকেজের মোট ৪৪ টি প্রকল্প দরপত্রের মাধ্যমে সু সম্পন্ন করা হয়। কাজের অগ্রগতি ১০০%। মেরামতের জন্য ১৮.০০ লক্ষ টাকার উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টার, শ্যামলী ও গোধুলী আবাসিক ভবন এর দরপত্র আহবান করা হয় এবং দরপত্র মোতাবেক কাজ সমাপ্ত করা হয় কাজের অগ্রগতি ১০০%।

সিদ্ধান্তঃ ১। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, চলমান কাজগুলো সঠিক ভাবে তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

উপজেলা প্রকৌশলী আরও জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর যে সকল প্যাকেজের কাজ অর্থভাবে করা গেল না সে সকল ঠিকাদারের Performance Security এর অর্থ ফেরৎ প্রদানের ব্যবস্থা করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ ২। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় যে হেতু এখানে ঠিকাদারের কোন ত্রুটি নেই সেই হেতু Performance Security হিসেবে জমাকৃত অর্থ সংশ্লিষ্ট ঠিকাদারকে ফেরৎ প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।

০২। প্রাণিসম্পদ বিভাগঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের জুলাই / ২০১৪ খ্রিঃ মাসের কাজের অগ্রগতির প্রতিবেদন নিন্মরুপ ভাবে উপস্থাপন করেন।

| ক্রঃ নং | কার্যক্রম | | আলোচ্যমাসে উৎপাদন/কার্যক্রম | আলোচ্য মাস পর্যন্ত ক্রমপঞ্জিত অর্জন (সংখ্যা/টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | গবাদি পশুর টিকা দান | | ৩,৯০৮ | ২৮,৫৯৬ | |
| ০২। | হাঁস-মুরগীর টিকাদান | | ৭৪,৭০০ | ১২,৬৬,৩০০ | |
| ০৩। | গবাদি পশুর চিকিৎসা | | ১৯৪ | ৩,৩০২ | |
| ০৪। | হাঁস-মুরগীর চিকিৎসা | | ৮৯,৬২০ | ৪,৩২,৪৭৩ | |
| ০৫। | গবাদি পশুর কৃত্রিম প্রজনন | | ৯৪৮ | ১০,৩২৯ | |
| ০৬। | টিকা বিক্রয় লব্ধ অর্থ ট্রেজারী চালানে জমা | | ১৬,৭৫০/= | ২,৭৯,৯৭২/= | |
| ০৭। | কৃত্রিম প্রজনন ফি ট্রেজারী চালানে জমা | | ১৮,০৮৪/= | ২,০০,০৮৮/= | |
| ০৮। | অন্যান্য বাবদ জমা | | -- | ১৭,৫০০/= | |
| ০৯। | ঋণ আদায় বাবদ জমা | মোট ঋণ বিতরন ১৩,৬৩,০০০/= | ২,৭০০/= | ৭,৩৪,৮৫৯/= | অনাদায়ী ৬,২৮,১৪১/= |

গবাদী পশুর রোগ বালাই থেকে রক্ষা করার জন্য টিকাপ্রদান পরামর্শ প্রদান শীর্ষক সেবা ক্যাম্প চলতি মাসেও চলমান প্রক্রিয়া হিসাবে বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হয়েছে। প্রাণিসম্পদ অফিসার আরো জানান তাঁর দপ্তর হতে সুফলভোগীদের মাঝে বিভিন্ন সময়ে বিতরনকৃত টাকার মধ্যে এখনো ৬,২৮,১৪১/= (ছয় লক্ষ আটাশ হাজার একশত একচল্লিশ) টাকা অনাদায়ী রয়েছে। যাহা আদায়ের ব্যাপারে পরিষদের

নিকট পরামর্শ ও সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরো জানান যে তাঁর দপ্তরে ক্যাটল সেড নির্মান হয়েছে এজন্য তিনি উপজেলা পরিষদ সহ সকল দপ্তরের কর্মকর্তাদের ধন্যবাদ জানান। কোন সমস্যা নাই। অবশেষে তিনি উপজেলা পরিষদসহ সকল দপ্তরের কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলোতে যাতে ক্ষেতলাল বাসীর দোর গোড়ায় প্রাণিসম্পদ সেবা পৌছে দিতে পারেন এ ব্যাপারে সকলের সহযোগিতা কমনা করেন। সভাপতি এ বিভাগের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ চলমান সেবার মান ধরে রাখাসহ কার্যক্রম আরও গতিশীল এবং ঋণ আদায়ে অধিকতর তৎপরতার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হয়।

০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ক্ষেতলাল সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

০৪। উপজেলা কৃষি বিভাগঃ

উপজেলা কৃষি অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তাঁর জামালগঞ্জ হর্টিকালচারে বদলী হয়েছে। অতি শীঘ্রই তিনি সেখানে যোগদান করবেন। তাঁর নতুন কর্মস্থলে সফলতার সহিত দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা করতে পারেন সে লক্ষ্যে তিনি সকলের দোয়া প্রার্থনা করেন। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে।

সভাপতি বিদায়ী কৃষি অফিসারকে ক্ষেতলালে থাকাকালীন সময়ে তার সেবার জন্য ধণ্যবাদ জানান। সেই সাথে পরবর্তী কর্মস্থলে তাঁর সাফল্য কামনা করেন।

০৫। উপজেলা মৎস্য বিভাগ ঃ

উপজেলা মৎস্য অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় উপজেলা মৎস্য অফিসারকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

০৬। উপজেলা খাদ্য বিভাগঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি বোরো/১৪ মৌসুমে গত ২৬/০৫/২০১৪ইং তারিখ হতে ক্ষেতলাল খাদ্য গুদামে বোরো চাল/ধান সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। গত ২৬/০৫/২০১৪ তারিখ হতে ২৫/০৬/২০১৪ ইং তারিখ পর্যন্ত মোট ৫৪২.০০০ মেঃ টন বোরো চাল সংগ্রহ করা হয়। এবারের লক্ষমাত্রা চাউল-২৩২৯ মেঃ টন এবং ধান-৪৩৪ মেঃ টন।

ক্ষেতলাল উপজেলার ক্ষেতলাল খাদ্য গুদামের মজুদ খাদ্য শস্যের পরিমান নিম্নরুপঃ

১। চাউল বোরো (পুরাতন)- ১২.৫৩৫মেঃ টন
২। চাউল বোরো (সংগৃহীত)- ৫৪২.০০০ মেঃ টন
৩। আমন চাউল- ৬৪৬.০০৯ মেঃ টন
৪। গম-২০.৫৪৭ মেঃ টন।
৫। খালি বস্তা -৫,২৯১ টি।

ক্ষেতলাল উপজেলা বাজার মূল্য নিংরুপ ঃ

| বোরো ধান | | বোরো চাউল | | গম | | প্রতি কেজির মূল্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কুইন্টাল | প্রতি মন | কুইন্টাল | প্রতি মন | কুইন্টাল | প্রতি মন | চাউল | আটা | চিনি | লবন | সয়াবিন তেল | সরিষার তেল |
| ১৭০০/-<br>১৭৫০/- | ৬৮০/-<br>৭০০/- | ২৯০০/-<br>৩০০০/- | ১১৬০/-<br>১২০০/- | ২৩০০/-<br>২৩৫০/- | ৯২৫/-<br>৯৪০/- | ৩০/-<br>৩১/- | ২৮/-<br>২৯/- | ৪২/-<br>৪৪/- | ১২/-<br>১৩/- | ১১০/-<br>১১২/- | ১০০/-<br>১১০/- |

সিদ্ধান্তঃ বোরো চাল/ধান সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে এ বিভাগকে সজাগ থাকার জন্য অনুরোধ করা হয়।

০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি চলতি অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন কাজের অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন করেন-

| ক্রঃ নং | খাতসমূহ | প্রকল্প সংখ্যা | মোট বরাদ্দ (মেঃটন)/টাকা | মোট ব্যয় (মেঃটন) | শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | টি, আর (সাধারণ) প্রকল্প | ৬৮ টি | ৯৪.৭৫৭ মেঃটন | ৯৪.৭৫৭ | ৯০% | কাজ চলছে |
| ০২ | টি,আর পৌরসভা | ১৭ টি | ১৯.৪৮৪৯ | ১৯.৪৮৪৯ | ৯০% | কাজ চলছে |
| ০৩ | জেলা প্রশাসক কর্তৃক প্রাপ্ত | ০৩ টি | ১৩.০০০ মেঃ টন | ১৩.০০০ | ১০০% | সমাপ্ত |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | টি, আর বিশেষ (পুরুষ এমপি) | ৩৫টি | ১২০.০০০ মেঃটন | ১২০.০০০ | ৯০% | কাজ চলছে |
| ০৫ | টি, আর বিশেষ (পুরুষ এমপি) | ৩৪টি | ৯৮.০০০ মেঃ টন | ৯৮.০০০ | ৯০% | কাজ চলছে |
| ০৬ | টি, আর বিশেষ (পুরুষ এমপি) | ৪৬ টি | ৪৭.০০০ মেঃ টন | -- | -- | প্রক্রিয়ধীন |
| ০৭ | টি, আর বিশেষ (মহিলা এমপি) | ০৩ টি | ১৫.০০০ মেঃ টন | ১০.০০০ | ৩৩.৩৩% | কাজ চলছে |
| ০৮ | টি, আর বিশেষ (মহিলা এমপি) | ০২ টি | ১০.০০০ মেঃ টন | ৭.৫০০ | ৫০% | কাজ চলছে |
| ০৯ | কাবিখা সাধারণ | ০৬টি | ৮৮.৯৬৩৭ মেঃ টন | ৮৮.৯৬৩৭ | ১০০% | সমাপ্ত |
| ১০ | কাবিখা বিশেষ (পুরুষ এমপি) | ০৯টি | ১০০.০০০ মেঃটন | ৯৪.৭৫০ | ৯৪.৭৫০% | কাজ চলছে |
| ১১ | কাবিটা সাধারণ ১ম | ০৮ টি | ২০,৪৮,৬১১/৩৬ | ১৫,৪৭,৯০০/- | ৯০% | কাজ চলছে |
| ১২ | কাবিটা বিশেষ ১ম | ১০ টি | ২০,৬২,৫০০/- | ১৫,৪৬,৮০০/- | ৯০% | কাজ চলছে |
| ১৩ | কাবিটা সাধারণ ২য় | ০৩ টি | ৬,৮২,৮৭০/৪৬ | ৫,১১,৮০০/- | ৯০% | কাজ চলছে |
| ১৪ | কাবিটা বিশেষ ২য় | ০৩ টি | ৬,৩৭,৫০০/- | ৪,৭৭,৯০০/- | ৯০% | কাজ চলছে |
| ১৫ | কাবিটা জেঃ প্রঃ কর্তৃক বরাদ্দ | ০১ টি | ২,৭৫০০০/০ | ৬৮,৭৫০/- | ৫০% | কাজ চলছে |
| ১৬ | অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচী | ২৫ টি কার্ড সংখ্যা ৬৩৯ টি | ৫১,১২,০০০/-টাকা | ৫১,০০,২০০/- টাকা | ৯৯.৭৭% | সমাপ্ত |

সিদ্ধান্তঃ চলমান প্রকল্পগুলো সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৮। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তাঁর দপ্তরের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়।

০৯। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

উপজেলা শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। আগামী ২৮ জুন/২০১৪ইং তারিখে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব ফুটবল প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ টুর্নামেন্ট/২০১৪ ক্ষেতলাল পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে বৈকাল ২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে পরিষদের সকল সদস্যকে খেলা উপভোগ করার জন্য তিনি আমন্ত্রন জানান।

সিদ্ধান্তঃ টুর্নামেন্ট সফল করতে শিক্ষা অফিসারকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয়। সেই সাথে সকলকে খেলা উপভোগ করার জন্য অনুরোধ করা হয়।

১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তাঁর দপ্তরের কার্যক্রম আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।

**১১। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**

উপজেলা সমাজসেবা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

**১২। যুব উন্নয়ন বিভাগ ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ১৯,৯৫,০০০ /- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩,০০,৮৪,৮৫০/- টাকা। চলতি মাসে ঋণ আদায় ১,৫১,৮৯৬/- টাকা। ক্রমপুঞ্জিত ঋন আদায় ২,৭৩,৩৫,২১৪/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৪.৪৪%। ক্রমপুঞ্জিত আদায় হার ৯৬.৫৮%। চলতি অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৫২০৭ জনকে। ছাগল পালন বিষয়ে ৯৩ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্তঃ ঋণ আদায়ে আরো তৎপরতার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হয়।

১৩। **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ**

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ক্ষেতলাল সভায় জানান যে, ভিজিডি ২০১৩-১৪ অর্থবছরের জুন/১৪ মাসের খাদ্য বিতরণের বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তাঁর দপ্তরের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করার জন্য অনুরোধ করা হয়।

১৪। উপজেলা সমবায় বিভাগ ঃ

উপজেলা সমবায় অফিসার, ক্ষেতলাল সভায় সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্ত ঃ পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

১৫। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন যে, পরিবার পরিকল্পনা বিভাগ মূলত জনসংখ্যা নিয়ন্ত্রনে কাজ করে। তাঁর দপ্তরের মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রনের জন্য স্থায়ী ও অস্থায়ী পদ্ধতির সেবা দেয়া হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি মে/২০১৪ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলার মোট সক্ষম দম্পত্তির সংখ্যা | - | ২৬,৪৯৪ জন। |
| ২। | উপজেলার মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা | - | ২২,২০৯ জন |
| ৩। | উপজেলার পদ্ধতি গ্রহণকারীর হার | - | ৮৩.৮৩% |

পদ্ধতি ভিত্তিক বিবরণ ঃ

| | পদ্ধতি | | পুরাতন | নতুন | মোট | অর্জনের হার |
|---|---|---|---|---|---|---|
| (ক) | খাবার বড়ি | | ১০৫৭৮ | ৭৫ | ১০৬৫৩ | ৪০.২১% |
| (খ) | কনডম | | ১২৩২ | ৩২ | ১২৬৪ | ৪.৭৭% |
| (গ) | ইনজেকটেবলস | | ২৬৫৫ | ৩৪ | ২৬৮৯ | ১০.১৫% |
| (ঘ) | আই ইউ ডি | | ৫৩০ | ৪ | ৫৩৪ | ২.০২% |
| (ঙ) | ইমপ্ল্যান্ট | | ৮১৮ | ১৪ | ৮৩২ | ৩.১৪% |
| (চ) | স্থায়ী পদ্ধতি | পুরুষ বন্ধ্যাকরণ | ৩১৭০ | ২ | ৩১৭২ | ১১.৯৭% |
| | | মহিলা বন্ধ্যাকরণ | ৩০৫৬ | ৯ | ৩০৬৫ | ১১.৫৫% |
| (ছ) | গর্ভবতী সেবা | | | | ৬১০ | |
| (জ) | শিশু সেবা (০-৫ বৎসর) | | | | ৬৪৯ | |
| (ঝ) | সাধারণ রোগী | | পুরুষ | | ৪১১ | |
| | | | মহিলা | | ২৯২১ | |

সিদ্ধান্তঃ তাঁর দপ্তরের কাজকর্ম আরো গতিশীল করা সহ অত্র উপজেলা জনসংখ্যা নিয়ন্ত্রনে আন্তরিকতার সাথে সেবা প্রদান করার জন্য অনুরোধ করা হয়।

১৬। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন বিভাগ ঃ

উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, ক্ষেতলাল কার্যালয়ের আওতায় সমিতির সংখ্যা ৯০টি এবং সদস্য সংখ্যা-৩৪৯৬ জন। তিনি চলতি বছরের মে/১৪ মাস পর্যন্ত কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেন-

১। ঋণ বিতরণ মাসে- ৩০.৯৯ লক্ষ টাকা বৎসরে-৩২৯.৫১ লক্ষ টাকা।

২। ঋণ আদায় মাসে- ৩৩.৫৮ লক্ষ টাকা বৎসরে- ৩৪৮.৮০ লক্ষ টাকা।

৩। মাঠে পাওনা ঋণ- ২৬৫.২০ লক্ষ টাকা

৪। খেলাপী ঋণ- ৫৮.৮৫ লক্ষ টাকা

৫। সদস্যদের সঞ্চয় আমানত স্থিতি- ৯২.৫২ লক্ষ টাকা। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

৬। ঋণ আদায় হার-৯৪%

দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ ঋণ আদায়ে আরো তৎপরতার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হয়।

১৭। উপজেলা আনসার ও ভিডিপিঃ
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

১৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

১৯। **উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ ঃ**
সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ক্ষেতলাল জোন সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ তাঁর দপ্তরের কাজকর্ম আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।

২০। বিবিধ আলোচনা ঃ

২০ (ক) কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ , ক্ষেতলাল উপজেলা কমান্ড সভায় জানান যে, তাঁর দপ্তরে বসার জন্য চেয়ারের স্বল্পতা আছে। সে কারনে তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০ প্লাষ্টিকের চেয়ার ক্রয়ের অর্থ বরাদ্দ দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদে ১০ টি প্লাষ্টিকের চেয়ার প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

২০। (খ) চেয়ারম্যান বড়তারা ইউপি সভায় জানান যে, অত্র উপজেলার ইটাখোলা-শিরট্টি পর্যন্ত জেলা পরিষদের রাস্তায় বেশ কিছু গাছ মরে গেছে। ফলে প্রায়শই মরা গাছ ভেঙ্গে পড়ছে। আর সেগুলো চুরি হয়ে যাচ্ছে। এছাড়াও মরা গাছ ভেঙ্গে পড়ে যান-মালের ক্ষতি হওয়ার সম্ভাবনাও বিদ্যমান। গাছগুলো অপসারনের ব্যবস্থা করলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। তিনি গাছগুলো অতিসত্বর কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ মরা গাছ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সার্বিক দিক উল্লেখ করে পত্র দ্বারা অবহিত করা হবে মর্মে সভা হতে জানানো হয়।

২০ (গ) চেয়ারম্যান আলমপুর ইউপি সভায় বলেন যে, অত্র উপজেলায় ব্র্যাক ওয়াশের কার্যক্রম চলমান। কিন্তু ব্র্যাক ওয়াশ ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে তাদের কার্যক্রম পরিচালনা করেন না। তিনি সভার মাধ্যমে ব্র্যাক ওয়াশকে ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। এতদ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ ব্র্যাক ওয়াশকে তাদের কার্যক্রমের সাথে ইউনিয়ন পরিষদকে সম্পৃক্ত করার বিষয়ে অনুরোধ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

২০। (ঘ) চেয়ারম্যান মামুদপুর ইউপি সভায় জানান যে, এডিপি অর্থে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য স্থান নির্বাচন করে টেন্ডার দেয়া হয়েছে। কিন্তু এডিপির ৪র্থ কিস্তির বরাদ্দ কম আসায় প্রকল্পগুলো বাস্তবায়ন করা সম্ভব নয়। যার প্রেক্ষিতে তিনি উপজেলার রাজস্ব উন্নয়ন তহবিল হতে টেন্ডারকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানান। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ অত্র উপজেলার উন্নয়নের স্বার্থে টেন্ডারকৃত উন্নয়ন প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল হতে অর্থ বরাদ্দ প্রদান করা যেতে পারে মর্মে জানানো হয়। যেহেতু পূর্বের ঠিকাদার দ্বারা প্রকল্প বাস্তবায়ন সম্ভব নয় সেহেতু নতুন করে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পগুলো রাজস্ব উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়ন করা যেতে পারে।

২০ (ঙ) চেয়ারম্যান তুলসীগংগা ইউপি সভায় বলেন যে, অর্থ বছর প্রায় শেষ। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অত্র উপজেলার উন্নয়নের স্বার্থে উন্নয়ন প্রকল্প বরাদ্দ করা প্রয়োজন। তিনি প্রতিটি ইউনিয়নের অনুকূলে PIC এর মাধ্যমে দুটি করে উন্নয়ন প্রকল্প বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

২০ (চ) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর অফিসে বেশ কিছু আসবাব পত্রের প্রয়োজন। তিনি তাঁর অফিসের আসবাব পত্র ক্রয়ের বিষয়ে সভায় অনুরোধ জানান। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ প্রয়োজন সাপেক্ষে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়।

২০। (ছ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তিনি অত্র উপজেলায় নতুন যোগদান করেছেন। তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ নবাগত উপজেলা নির্বাহী অফিসারকে তাঁর দাপ্তরিক কাজ সফলতার সাথে করার জন্য সার্বিক সহযোগিতা করবেন মর্মে সকলে মত পোষন করেন।

উপজেলা নির্বাহী অফিসার আরও জানান যে, অত্র উপজেলা হাট-বাজারগুলো ১৪২১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং ইনফো-সরকার (ফেজ-২) প্রকল্পের আওতায় আউট সোর্সিং এর মাধ্যমে উপজেলা পর্যায়ে টেকনিশিয়ান নিয়োগের জন্য বিসিসি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নির্দেশনা মতে আউটসোর্সিং প্রক্রিয়ায় টেকনিশিয়ান নিয়োগের লক্ষ্যে দৈনিক পত্রিকায় ইতোপূর্বে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকাশিত বিজ্ঞপ্তি দুটির পত্রিকার বিল পরিশোধ করা প্রয়োজন। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত) হতে উক্ত দুটি বিজ্ঞপ্তি প্রকাশের বিল পরিশোধ করা হবে মর্মে জানানো হয়।

২০। (ছ) সভাপতি মহোদয় সভায় জানান যে, অফিসার ইনচার্জ ক্ষেতলাল থানা, তাঁর দপ্তরের কম্পিউটারের প্রিন্টারের জন্য কালির কার্টিজ, একটি মডেম ও একটি পেন ড্রাইভ প্রদানের আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
সভাপতি মহোদয় আরও বলেন যে, অত্র উপজেলা পরিষদে চেয়ার স্বল্পতা রয়েছে। চেয়ার স্বল্পতার কারনে বিভিন্ন সভা ও সেমিনার করতে গিয়ে সমস্যার সম্মুখীন হতে হয়। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০০টি প্লাষ্টিকের চেয়ার ক্রয়ের জন্য সভায় অনুরোধ জানান।
এছাড়াও মোঃ মামুনুর রশিদ, পিতা নেজাম উদ্দিন, ক্ষেতলাল তার পরীক্ষার ফরম পূরনের জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ ১। ভারপ্রাপ্ত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে উপরোক্ত দ্রব্যাদি ক্রয় বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ প্রদান করা হবে।
২। উপজেলা পরিষদের জন্য পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০টি হাতল ওয়ালা ও ৫০টি হাতল বিহীন প্লাষ্টিকের চেয়ার ক্রয় করা হবে।
৩। জনৈক মামুনুর রশিদের ফরম পূরনের জন্য পরিষদের রাজস্ব তহবিল হতে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সাহায্য করা হবে।

২১। সভায় নিম্লোক্ত বিল ভাউচারগুলো উপস্থাপন করা হয়। বিলগুলো যাচাই-বাছাই অন্তে সঠিক থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

১। উপজেলা পরিষদ কার্যালয়ের জুন/২০১৪ মাসের আপ্যায়ন ও আনুসাঙ্গিক বিল- যথাক্রমে আপ্যায়ন-৪৯৯০ + আনুসাঙ্গিক-১৯০০= মোট- ৬৮৯০/- (ছয় হাজার আটশত নব্বই) (বাসাভারা আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)।
২। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের দুইজন এমএলএসএস এবং একজন মালীর এপ্রিল/১৪ ও মে/১৪ মাসের দৈনিক মজুরী বাবদ ১৬২০০/- (ষোল হাজার দুইশত) টাকা। (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)
৩। উপজেলা পরিষদের জুন/১৪ মাসের ড্রেন পরিস্কার বাবদ ৩০০/-(ছয়শত) টাকা (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)
৪। উপজেলা পরিষদের কম্পিউটারের প্রিন্টারের কালির কার্টিজ ক্রয় বাবদ ৫২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা। (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)
৫। মে/১৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৩২৩৭/ (তিন হাজার দুইশত সাইত্রিশ) (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপরোক্ত বিলগুলো পরিশোধ করা হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সুভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৭/৮/১৪
(মোঃ রওনকুল ইসলাম টিপু চৌধুরী)
সভাপতি
উপজেলা পরিষদ কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ক্ষেতলাল, জয়পুরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.০৩.০০২.২০১৪- তারিখঃ ২৬/০৬/২০১৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হ'লঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, জয়পুরহাট-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ কমিটি, ক্ষেতলাল, জয়পুরহাট/মাননীয় সংরক্ষিত মহিলা সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ কমিটি, ক্ষেতলাল, জয়পুরহাট।

০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪। জেলা প্রশাসক, জয়পুরহাট।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৬। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৭। মেয়র, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৮। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড ক্ষেতলাল, জয়পুরহাট।

০৯। চেয়ারম্যান তুলশীগংগা (সাবেক ক্ষেতলাল সদর)/বড়াইল/বড়তারা/মামুদপুর/আলমপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।

১০। উপজেলা ..........................................................................অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।

১১। জনাব/বেগম ..........................................................................

১২। অফিস কপি।

২৬/৬/২০১৪

উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।